



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৪৬

এসএমই পণ্যমেলা-২০২৩ উপলক্ষ্যে সংবাদ সম্মেলন

রাজশাহী, ২৭ পৌষ (১১ জানুয়ারি):

আগামী ১২ থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত ৭ দিনব্যাপী রাজশাহী বিভাগীয় এসএমই পণ্যমেলা-২০২৩ আয়োজন উপলক্ষ্যে সংবাদ সম্মেলন করেছে রাজশাহী বিভাগীয় প্রশাসন। আজ বুধবার (১১ জানুয়ারি) বিকাল সাড়ে ৩টায় বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে স্থানীয় সরকার বিভাগের পরিচালক মোঃ এনামুল হক জানান, আগামীকাল বৃহস্পতিবার সকাল এগারোটায় এসএমই পণ্যমেলার উদ্বোধন করবেন রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন।

অধিকাংশ স্থানীয় উদ্যোক্তাদের অংশগ্রহণে এবারের মেলায় ৬০টি স্টলে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ তাদের উৎপাদিত দেশীয় পণ্য প্রদর্শন করবে। মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য খোলা থাকবে।

মেলার চতুর্থ দিন (১৫ জানুয়ারি) দুপুর সাড়ে ৩টায় 'রাজশাহী বিভাগে এসএমই খাতে উন্নয়নে করণীয়' শীর্ষক সেমিনার এবং ৬ষ্ঠ দিন (১৭ জানুয়ারি) সাড়ে ৩টায় 'এসএমই উদ্যোক্তাদের ঋণপ্রাপ্তি বিষয়ে আলোচনা ও ব্যাংকারদের সাথে সংযোগ স্থাপন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হবে। এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠীর অংশগ্রহণে প্রতিদিন মেলায় সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হবে।

এ সময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এসএমই ফাউন্ডেশনের উপ-মহাব্যবস্থাপক মোঃ রাকিব উদ্দিন খান।

১৮ জানুয়ারি বিকাল ৪টায় এসএমই পণ্যমেলার সমাপনী অনুষ্ঠিত হবে। সমাপনী অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার জিএসএম জাফরুল্লাহ, এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৬:০০ ঘ.